গাজায় ইসরাইলি হামলায় শিশুসহ ২২ ফিলিস্তিনি নিহত

গাজা উপত্যকায় একের পর এক ইসরাইলি হামলায় বৃহস্পতিবার দিনভর শিশুসহ অন্তত ২২ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অনেকে। ফিলিস্তিনের স্বাস্থ্যকর্মীরা এ তথ্য নিশ্চিত করেছেন।

তাদের বরাত দিয়ে আনাদোলু এজেন্সি জানিয়েছে, বৃহস্পতিবার ভোর থেকে ইসরাইলি বাহিনী গাজা সিটির উত্তর-পশ্চিমে আল-শাতি শরণার্থী শিবিরের একটি আবাসিক ভবনে বিমান হামলা চালায়। এতে তিনজন নিহত হন এবং আরও কয়েকজন আহত হন।

গাজা সিটির উত্তরাঞ্চলের শেখ রিদওয়ান এলাকায় একটি বাড়িতে বিমান হামলায় এক বৃদ্ধ ও দুই নারী নিহত হন। এতে আহত হন আরও কয়েকজন।

গাজার মধ্যাঞ্চলের পশ্চিম নুসাইরাত শরণার্থী শিবিরে একটি আবাসিক ফ্ল্যাটে ইসরাইলি বাহিনীর হামলায় চারজন নিহত হয়েছেন, যাদের মধ্যে দুইজন শিশু।

সূত্র: যুগান্তর ।

ফিলিস্তিনে ইসরাইলিদের বর্বর হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনে ইসরাইলিদের বর্বর হামলার প্রতিবাদে মানববন্ধন ও সেমিনার করেছে বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন, মেহেরপুর জেলা শাখা।

বৃহস্পতিবার দুপুর ১২টায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে উক্ত

প্রতিষ্ঠানের হলরুমে মানবাধিকার বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিকুল আলম। এতে উপস্থিত ছিলেন ড. গাজীউর রহমান, মেহেরপুর সই উদ্দিন ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ একরামুল আজীম, জেলা সমাজসেবা অফিসার মোঃ মুনসুর আলী এবং কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সিনিয়র শিক্ষক মাওলানা তালিব উদ্দিন।

মানবাধিকার বিষয়ে শিক্ষামূলক বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশনের পরিচালক এম এ মুহিত। সেমিনারটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক দিলারা জাহান।

ইসরাইলি পণ্য বয়কটে ঝিনাইদহে ক্যাম্পেইন

ইসরাইলি সকল পণ্য বয়কটে ঝিনাইদহ সদর উপজেলার ৭ নং মহারাজপুর ইউনিয়নের সকল মুসলিম নাগরিকের পক্ষে বিষয়খালী বাজারে বিশেষ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বাদ মাগরিব বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজ গেট থেকে এ বিশেষ ক্যাম্পেইন এশার আজান পর্যন্ত চালানো হয়। সেসময় বাজারের সকল ব্যবসায়ীদেরকে ইসরাইলি পণ্য বিক্রি না করার জন্য বিশেষ ভাবে আহ্বান করা হয়।

বিশেষ ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজের ধর্মীয় শিক্ষক মাওলানা শাহ মোহাম্মদ এনামুল হক ফয়েজী, বিশিষ্ট ব্যবসায়ী মাজেদুল ইসলাম মাজু, বিষয়খালী বাজার কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা আনিছুর রহমান, মিঞা অটো রাইস মিলের স্বত্বাধিকারী সাজেদুল ইসলাম সাজু মিঞা, সাংবাদিক বসির আহাম্মেদ, হাফেজ মাওলানা মুফতি আল-মামুন, ব্যবসায়ী দবির আলীসহ অসংখ্য ইউনিয়নের মুসলিম নাগরিকবৃন্দ।

ব্যবসায়ীদের উদ্দেশ্যে নেতৃবৃন্দ বলেন, দখলদার ইসরাইল নির্বিচারে

ফিলিস্তিনের মুসলমানদের ওপর গণহত্যা চালাচ্ছে। বিশ্ব বিবেক আজ স্তব্ধ। বিশ্ব মুসলমান নেতৃত্ব কোনো ভূমিকা রাখছে না। ইসরাইলকে রুখতে প্রয়োজনে মার্কিন ও ইসরাইলের উৎপাদিত সকল পণ্য বয়কট করতে হবে।

আরও বলেন, প্রতিবাদের ভাষা হবে সংযত। সংঘাত সৃষ্টি করে প্রতিবাদ করার চেয়ে আমরা ইসরাইল ও মার্কিনী সকল পণ্য বয়কট করব। ইসরাইলের সন্ত্রাসী কর্মকান্ড রুখতে মুসলিম বিশ্বকে ঐক্যবদ্ধ হতে হবে।